

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 23-06-2026

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Olympic Day:

আজ অলিম্পিক দিবস। রাজ্যেও এই দিবসটি পালিত হচ্ছে। ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের উদ্যোগে রাজধানী আগরতলায় এক রেলি অনুষ্ঠিত হয়। রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকে এই রেলিটি শহরের বিভিন্ন পথ পরিভ্রমণ করে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বনমন্ত্রী অনিমেস দেববর্মা, বিধায়ক তথা আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত বিশ্বের দ্রুততম উন্নয়নশীল ও বিশ্বাসযোগ্য অর্থনীতি এবং একটি নির্ভরযোগ্য শক্তিতে পরিণত হয়েছে। তিনি বলেন, 'দেশ প্রথম' এই উদ্দেশ্যকে সামনে রেখে গত ১২ বছরে বেশ কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নয়াদিল্লিতে গতকাল এক অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় শ্রী মোদী একথা বলেন।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনস্বাস্থ্য, পরিবেশগত স্থায়িত্ব এবং সামগ্রিক মানবিক মর্যাদার ক্ষেত্রে পরিচ্ছন্নতা অপরিহার্য। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে গতকাল কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০২৬-

এর অন্তর্গত বিভিন্ন নির্বাচিত জনপ্রতিনিধি ও সামাজিক সংগঠন এবং ক্লাবগুলির ভূমিকা শীর্ষক একদিনের কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। সমাজে স্বচ্ছতার প্রকৃত বাস্তবায়নের জন্য প্রত্যেক নাগরিককে সচেতন হতে হবে বলেও গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী।

Kharchi Puja :

আগামী ২২শে জুলাই থেকে খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দিরে ঐতিহবাহী খার্চি পূজা শুরু হবে। খার্চি পূজা ও মেলায় প্রস্তুতি নিয়ে গতকাল পশ্চিম জেলার জেলা শাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরোহিত্য করেন বিধায়ক রতন চক্রবর্তী। বৈঠকে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীলও উপস্থিত ছিলেন।

Union Minister Pralhad Joshi :

কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি মন্ত্রী প্রহলাদ যোশী বলেছেন যে, জৈবশক্তির ব্যাপক ব্যবহার আমদানিকৃত এলপিগ্যাস এবং অন্যান্য জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কমাতে সাহায্য করছে। তিনি বলেন, এর ফলে কৃষকদের আয়ও বাড়ছে এবং দেশের জ্বালানি নিরাপত্তা শক্তিশালী হচ্ছে। কেন্দ্রীয় মন্ত্রী জাতীয় জৈবশক্তি কর্মসূচির বাস্তবায়ন নিয়ে গতকাল এক পর্যালোচনা সভায় পৌরোহিত্য করেন। পরে সামাজিক মাধ্যমে শ্রী যোশী বলেন, যে এই কর্মসূচির মাধ্যমে বার্ষিক ৮০ লক্ষ টন কৃষি ও জৈব বর্জ্য ব্যবহারের সক্ষমতা তৈরি হয়েছে।

School Sports Board:

ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের বার্ষিক সাধারণ সভা গতকাল অনুষ্ঠিত হয়। রাজধানীর ভগৎ সিং যুব আবাসে হয় এই সভা। ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সভায় পৌরহিত্য করেন। এছাড়া ছিলেন ক্রীড়া দপ্তরের আধিকারিক, স্কুল স্পোর্টস বোর্ডের কর্তারা সহ ৮ জেলার সভাপতিরা। শুরুতে সচিবের প্রতিবেদন এবং কোষাধ্যক্ষের আয় ব্যয়ের হিসাব নিয়ে আলোচনা হয়। ক্রীড়ামন্ত্রী বলেন, জাতীয় আসরে সাফল্য পেতে আগামীদিনে প্রশিক্ষণের উপর জোর দিতে হবে। সভায় বিভিন্ন রাজ্য আসরের স্থান প্রাথমিক ভাবে স্থির করা হয়েছে।

FIFA World Cup:

বিশ্বকাপ ফুটবলে অস্ট্রিয়াকে ২-০ হারিয়ে রাউন্ড অফ ৩২ নিশ্চিত করল আর্জেন্টিনা। দুটি গোলই লিওনেল মেসির। এ দিন জোড়া গোল করে বিশ্বকাপের সর্বকালের সর্বোচ্চ গোলদাতার মালিক হয়ে উঠলেন মেসি। অন্যদিকে, ফ্রান্স ৩-০ গোলে হারিয়েছে ইরাককে। পরপর দুটি ম্যাচ জিতে ফ্রান্সেরও নকআউট পর্ব নিশ্চিত হয়ে গেল এ দিন। ফ্রান্সের হয়েও জোড়া গোল কিলিয়ান এমবাপের। অন্য গোলটি করেন দেম্বেলে। আর নরওয়ে ৩-২ গোলে জয় পেয়েছে সেনেগালের বিপক্ষে।

ভারতীয় সময় আজ সকাল সাড়ে আটটায় জর্ডন মুখোমুখি হবে আলজেরিয়ার।

IMD:

ভারত আবহাওয়া বিভাগ আজ উত্তর-পূর্ব ভারত এবং উপ-হিমালয়ান পশ্চিমবঙ্গের কিছু অংশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের জন্য কমলা সতর্কতা জারি করেছে। আগামীকাল ও এর পরদিন পর্যন্ত উপকূলীয় কর্ণাটক,

কোঙ্কন, গোয়া, ওড়িশা এবং তেলেঙ্কানাতেও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

এদিকে আগরতলা বিমান বন্দরে আবহাওয়া দপ্তরের কার্যালয় থেকে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।
